

## পাবলিক পরীক্ষা যেকোন মূল্যে নকলমুক্ত রাখতে হবে

এহছানুল হক মিলন  
শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহছানুল হক মিলন বলেছেন, পাবলিক পরীক্ষাগুলো যেকোন মূল্যে নকলমুক্ত রাখতে হবে। তিনি গতকাল নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী বালিকা বিদ্যালয় ও মণিউর রহমান কলেজ কেন্দ্র পরিদর্শনকালে এতদা বলেন।  
এরপর তিনি পরীক্ষার হলের সৃষ্টি পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে ছাত্র-শিক্ষক অভিভাবক-রাতনৈতিক নেতৃবৃন্দ-প্রশাসন ও সমাজের সর্বস্তরের জ্ঞানকে সমন্বিতভাবে কাজ করতে হবে।  
এরপর তিনি নীলফামারী জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসেবে জেলা আইন-শৃংখলা কমিটির সভা, জেলা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার সমন্বয় কমিটির সভা এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করেন। এ সময় তিনি সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের আরও গতিশীল করার জন্য উপস্থিত সবার প্রতি আহ্বান জানান। ওই সভাগুলোতে জেলা প্রশাসক আবদুল বারী বান, পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন এবং স্থানীয় সংসদ মিছানুর রহমান চৌধুরী উপস্থিত ছিলেন।  
সংবাদ বিজ্ঞপ্তি।



গতকাল নীলফামারী সরকারি কলেজ কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহছানুল হক মিলন

-যুগান্তর